

শুগান্থ

প্রিন্ট: ২১ জুন ২০২৫, ০১:৩০ পিএম

শিক্ষার্জন

জাবিতে ভর্তি পরীক্ষায় ৬ ইউনিটে ৫৫০ আসন ফাঁকা, গণবিজ্ঞপ্তি প্রকাশ



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ জুন ২০২৫, ০৬:৫৯ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সশরীরে উপস্থিত থেকে আবেদন করার আহ্বান জানিয়ে গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার (১৭ জুন) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব ও ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজা বিষয়টি নিশ্চিত করেন।

জানা যায়, দ্বিতীয় ধাপে মেধাতালিকা প্রকাশ করে ভর্তি নেওয়ার পরও ৫৫০টি আসন ফাঁকা রয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, দ্বিতীয় ধাপে ভর্তি শেষ হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের অধীন ইউনিটভিত্তিক ছেলেদের ১৮৭টি এবং মেয়েদের ১৬৩টি, মোট ৫৫০টি আসন ফাঁকা রয়েছে। এগুলোর মধ্যে ‘এ’ ইউনিটে ১৬৫টি, ‘বি’ ইউনিটে ৯০টি, ‘সি’ ইউনিটে ১৮৪টি, ‘সিঃ’ ইউনিটে ৫টি, ‘ডি’ ইউনিটে ৮১টি, এবং ‘ই’ ইউনিটে ২৫টি আসন ফাঁকা রয়েছে। এসব আসনে ভর্তির জন্য মেধা ও উপস্থিতির ভিত্তিতে শিক্ষার্থীদের নতুন ফরম পূরণ করে আবেদন করার নির্দেশনা দেওয়া হয়েছে।

শুন্য আসনের বিপরীতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ১৮ জুন সকাল ১০টা থেকে দুপুর ১টার মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক আবেদন করতে বলা হয়েছে। নির্ধারিত সময়সীমার মধ্যে সশরীরে আবেদন না করলে, পরবর্তীতে আর কোনো ধাপে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

উল্লেখ্য, আবেদনের সময় শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও সাবজেক্ট চয়েস ফরম সঙ্গে আনার জন্য অনুরোধ করা হয়েছে। আবেদন জমা নেওয়ার পর শিক্ষার্থীদের মেধাক্রম ও সাবজেক্ট চয়েস অনুসারে পরবর্তী ধাপে ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশ করা হবে।